গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
জুলাই গণঅভ্যুত্থান শাখা

www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১৬.৪২.০০০১.২৫.৩

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: জুলাই গণঅভ্যুত্থানে আহত জুলাই যোদ্ধা ও শহিদ পরিবারের পুনর্বাসন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ, শহিদ ও জুলাই যোদ্ধাদের পূর্নাঙ্গ তালিকা চূড়ান্তকরণ, আহতদের দেশে বিদেশে উন্নত চিকিৎসা এবং শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কার্যক্রম পরিচালনা করছে। ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন 'জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর' প্রতিষ্ঠিত হয়েছে। গত ০৭/০৯/২০২৫ তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধির উপস্থিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সকল শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনে গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের দক্ষতা ও অভিজ্ঞতা ভিত্তিক উপার্জনমুখী কাজের জন্য প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসনের বিষয়ে আলোচনা হয়। 'জুলাই গণঅভ্যুত্থান ২০২৪'-এ শহিদ পরিবারের কল্যাণ এবং আহতদের চিকিৎসা ও পুনর্বাসন নীতিমালা, ২০২৫ এর তফসিল-৩ এ উল্লিখিত বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যম আত্মকর্মসংস্থান সৃষ্টি করে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসনের বিষয়টি উল্লেখ রয়েছে। কিন্তু জুলাই যোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যগণ কি ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে চান অথবা পুনর্বাসনের বিষয়ে তাঁদের অন্য কোন চাহিদা রয়েছে কিনা এ সংক্রান্ত তথ্য জানা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাগণ কোন ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, প্রশিক্ষণ ছাড়াও অন্য কোনভাবে পুনর্বাসনের চাহিদা রয়েছে কিনা এ সংক্রান্ত তথ্য ছক আকারে আগামী ১৫(পনেরো) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:
(১) DJMU Rehabilitation Form August 2025 Latest 2.pdf
(২) ছক পিডিএফ

১০-০৯-২০২৫
ড. মো: মতিউর রহমান
উপসচিব
৪১০৫৪১০৩

সকল জেলা প্রশাসক।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১৬.৪২.০০০১.২৫.৩/১ (১০)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।।
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৪। সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।।
৫। সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।।
৬। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর, সরকারি পরিবহনপুল ভবন, ঢাকা।।
৮। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), জুলাই গণঅভ্যুত্থান অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৯। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১০। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

১০-০৯-২০২৫
ড. মো: মতিউর রহমান
উপসচিব

জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ছক:

ক্রমিক নম্বর	শিরোনাম	বিবরণ
১.	ব্যক্তিগত তথ্যাদি	নাম:
		পিতার নাম:
		মাতার নাম:
		গেজেট নম্বর:
		মেডিকেল কেস আইডি নম্বর:
		◯ শহিদ পরিবার ◯ আহত জুলাই যোদ্ধা
		জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর:
		জন্ম তারিখ:
		বয়স:
		লিঙ্গ:
		ব্লাড গ্রুপ:
		উপজেলা:
		জেলা:
		বিভাগ:
		স্থায়ী ঠিকানা:
		বর্তমান ঠিকানা:
		মোবাইল নম্বর:
		হোয়াটসঅ্যাপ নম্বর:
		ইমেইল নম্বর:
২.	বর্তমান পেশা	☐ ছাত্র/ছাত্রী ☐ কর্মজীবী ☐ শ্রমিক ☐ ব্যবসা ☐ অন্যান্য
৩.	প্রাক্তন পেশা	আপনি ইতোপূর্বে কোন পেশায় যুক্ত ছিলেন কিনা? (ক) ☐ হ্যাঁ ☐ না (খ) উত্তর হ্যাঁ হলে তার বিবরণ:
৪.	শিক্ষাগত তথ্য	(ক) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা:
		(খ) চলমান প্রতিষ্ঠানের নাম/যে প্রতিষ্ঠান হতে শিক্ষা সম্পন্ন করেছেন:
		(গ) অধ্যয়নের বিষয়:
৫.	আহতের ধরন, আহতের বিবরণ ও বর্তমান শারীরিক অবস্থা	জুলাই ২০২৪ এর গণঅভ্যুত্থানের সময় কী ধরনের আহত হয়েছেন? (আহত হওয়ার ধরন) ☐ অতি গুরুতর আহত (শ্রেণি-ক) ☐ গুরুতর আহত (শ্রেণি-খ) ☐ আহত (শ্রেণি-গ) আহতের বিবরণ: বর্তমান শারীরিক অবস্থা:
৬.	প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ	আপনি কী ধরনের প্রশিক্ষণ নিতে চান? ○ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক ○ ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বিষয়ক ○ ডিজিটাল মার্কেটিং ○ আইটি সাপোর্ট সার্ভিস ○ গ্রাফিক্স ডিজাইন এবং ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট ○ ফ্রিল্যান্সিং ○ মোবাইল সার্ভিসিং ও এপ্লিকেশন ডেভেলপমেন্ট ○ মেকানিক্যাল ও অটোমোবাইল বিষয়ক ○ ড্রাইভিং ○ আধুনিক অফিস ম্যানেজমেন্ট

		○ নির্মাণ ও প্রকৌশল বিষয়ক; ○ খাদ্য ও আতিথেয়তা বিষয়ক; ○ বিউটিফিকেশন; ○ আর্টস অ্যান্ড ক্রাফটস; ○ বস্ত্রশিল্প বিষয়ক; ○ হস্তশিল্প বিষয়ক: ○ কৃষি নার্সারি; ○ গবাদি পশু পালন; ○ মৎস্য হ্যাচারী ও মৎস্য চাষ এবং ○ পোল্ট্রি ফার্মিং
৭.	প্রশিক্ষণ গ্রহণ	☐ কীভাবে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী? ☐ কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র ☐ জেলা/উপজেলার যুব উন্নয়ন কার্যালয় ☐ জেলা/উপজেলার মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ☐ জেলা/উপজেলার সমাজসেবা কর্মকর্তার কার্যালয় ☐ জেলা/উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ☐ আইসিটি বিভাগের বিসিসি (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল) এর মাধ্যমে ☐ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার
৮.	প্রশিক্ষণ কেন্দ্র/ প্রশিক্ষণ গ্রহণের স্থান	যে জেলা হতে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক? ☐ নিজ জেলা: ☐ অন্য জেলা (জেলার নাম):
৯.	উপকরণ সহায়তা	(ক) দক্ষতামূলক কাজ পরিচালনার জন্য কোনো উপকরণ সহায়তার প্রয়োজন আছে কিনা? ☐ হ্যাঁ ☐ না (খ) উত্তর 'হ্যাঁ' হলে কী ধরনের উপকরণ সহায়তা প্রয়োজন? ☐ কম্পিউটার ☐ ল্যাপটপ/ট্যাব ☐ গবাদী পশু ☐ সেলাই মেশিন ☐ অন্যান্য সহায়তা:
১০.	অন্য প্রতিষ্ঠান হতে গৃহীত প্রশিক্ষণ	(ক) সরকারি অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান হতে দক্ষতামূলক প্রশিক্ষণ গ্রহণ করেছেন কিনা? ☐ হ্যাঁ ☐ না (খ) উত্তর হ্যাঁ হলে: (i) মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের নাম: (ii) প্রশিক্ষণের নাম: (iii) প্রশিক্ষণ মেয়াদ: (গ) প্রশিক্ষণ গ্রহণের পর কোনো উপকরণ গ্রহণ করেছেন কিনা? ☐ হ্যাঁ ☐ না (ঘ) উত্তর 'হ্যাঁ' হলে কী ধরনের উপকরণ গ্রহণ করেছেন?:
১১.	অন্যান্য মতামত (যদি থাকে)	

তথ্য প্রদানকারী স্বাক্ষর/টিপসহি

তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর ও তারিখ

জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের প্রশিক্ষণের জন্য
আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রের তালিকা:

১. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশিটের সত্যায়িত ফটোকপি;
২. জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
৩. ইতঃপূর্বে কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকলে প্রশিক্ষণ সংক্রান্ত সনদ এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
৪. গেজেট এর সত্যায়িত ফটোকপি;
৫. মেডিকেল কেস আইডি এর সত্যায়িত ফটোকপি;
৬. সোনালী ব্যাংকের ব্যাংক হিসাবের এমআইসিআর চেক / স্টেটমেন্ট এর সত্যায়িত ফটোকপি;
৭. শারীরিক অবস্থা সম্পর্কিত সিভিল সার্জন/সংশ্লিষ্ট সরকারি হাসপাতাল কর্তৃক প্রদত্ত সর্বশেষ সনদপত্র এর সত্যায়িত ফটোকপি ;
৮. ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।